

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
(বিবরণী শাখা)
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

পরিপত্র নং-ডিএফআইএম(এস)১০৫৫/১/২০১২-৮২২

তারিখঃ ০৬ কার্তিক, ১৪১৯
২১ অক্টোবর, ২০১২

প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

বাংলাদেশ ব্যাংকে প্রেরিত বিভিন্ন পত্র/বিবরণীতে ব্যবস্থাপনা পরিচালক/
প্রধান নির্বাহীদের স্বাক্ষরকরণ প্রসংগে।

উপরোক্ত বিষয়ে অত্র বিভাগের ২৫সেপ্টেম্বর, ২০০৭ তারিখের ডিএফআইএম সার্কুলার নং-০৭ এবং ০৬ জানুয়ারী, ২০০৯ তারিখের সার্কুলার লেটার নং-০২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলারদ্বয়ের নির্দেশনানুযায়ী বাংলাদেশ ব্যাংকে প্রেরিতব্য নীতি নির্ধারণী বিষয়ক ও নির্দেশনা পরিপালন পত্রে আর্থিক প্রতিষ্ঠানসমূহের প্রধান নির্বাহীগণ এবং বিবরণী ও তদসংশ্লিষ্ট পত্রে প্রধান নির্বাহীগণের প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তাগণ স্বাক্ষর করবেন। বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে আপনাদের প্রাধিকার প্রাপ্ত কর্মকর্তাগণের নমুনা স্বাক্ষর অত্র বিভাগে সংরক্ষণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এমতাবস্থায়, ০৬ জানুয়ারী, ২০০৯ তারিখের সার্কুলার লেটার নং-০২এ বর্ণিত বিবরণী ও তদসংশ্লিষ্ট প্রেরিতব্য পত্রে স্বাক্ষরকারী (প্রধান নির্বাহীর প্রাধিকার প্রাপ্ত) কর্মকর্তাদের নাম ও নমুনা স্বাক্ষর অত্র বিভাগে অনতি বিলম্বে প্রেরণ করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে। অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আব্দুল ওয়াহাব)

যুগ্ম-পরিচালক

ফোনঃ ৯৫৩০০১০-১৯/৩১৫৭